গাংনীর বামুন্দী বাজারে গ্যাস সিলিন্ডারের দোকানে অগ্নিকাণ্ড, আতঙ্কে ব্যবসায়ীরা

মেহেরপুরের গাংনী উপজেলার বামুন্দী বাজারে অকটেন, পেট্রোল ও গ্যাস সিলিন্ডারের দোকানে অগ্নিকাণ্ডের ঘটনায় এলাকায় আতঙ্ক ছড়িয়ে পড়েছে। জনবসতি এলাকায় দাহ্য পদার্থের অবৈধ ব্যবসা বন্ধের দাবিও উঠেছে।

জানা গেছে, বামুন্দী বাজারের জনতা ব্যাংকের নিচে অবস্থিত সামিয়া ট্রেডার্স (প্রোপাইটর আব্দুল আল হোসেন ওরফে মিঠু), যিনি যমুনা অয়েল কোম্পানি লিমিটেডের ডিলার এবং বামুন্দী বাজারের মেসার্স আছিয়া এন্টারপ্রাইজ-এর মালিক মোখলেসুর রহমানের বিরুদ্ধে জনবসতি এলাকায় খোলা বাজারে একই স্থানে অকটেন, পেট্রোল, ডিজেল ও গ্যাস সিলিন্ডার মজুত ও বিক্রির অভিযোগ উঠেছে।

আজ রবিবার সকালে সামিয়া ট্রেডার্সে অগ্নিকাণ্ডের ঘটনা ঘটে। এতে বাজারের জনতা ব্যাংকের কর্মকর্তা-কর্মচারীসহ সাধারণ ব্যবসায়ীরা আতঙ্কিত হয়ে ছুটাছুটি শুরু করেন। খবর পেয়ে বামুন্দী ফায়ার সার্ভিসের একটি ইউনিট দ্রুত ঘটনাস্থলে পৌঁছে আগুন নিয়ন্ত্রণে আনে।

স্থানীয় ব্যবসায়ীরা জানান, জনবসতি এলাকায় এ ধরনের দাহ্য পদার্থের দোকান অত্যন্ত ঝুঁকিপূর্ণ। তারা এসব দোকান অবিলম্বে নিরাপদ স্থানে সরিয়ে নেওয়ার দাবি জানান। অভিযোগ রয়েছে, ক্ষমতার প্রভাব দেখিয়ে জনবসতি এলাকায় অবৈধভাবে এসব ব্যবসা পরিচালনা করা হচ্ছে। এ বিষয়ে গাংনী উপজেলা প্রশাসনের সুদৃষ্টি কামনা করেছেন স্থানীয় ব্যবসায়ীরা।

এ বিষয়ে বামুন্দী ইউনিয়ন পরিষদের প্যানেল চেয়ারম্যান শাহ আলম বলেন, বিস্ফোরক অধিদপ্তরের নির্দেশনা অমান্য করে খোলা বাজারে অকটেন, পেট্রোল, ডিজেল ও গ্যাস সিলিন্ডার বিক্রি করা হচ্ছে, যা জনবসতি এলাকায় সম্পূর্ণ অবৈধ। তিনি এ বিষয়ে উপজেলা প্রশাসনের কাছে আইনগত ব্যবস্থা গ্রহণের দাবি জানান।

বামুন্দী বাজারের হার্ডওয়্যার ব্যবসায়ী মেহেরুল্লাহ বলেন, আজকের

অগ্নিকাণ্ডে আল্লাহর রহমতে বড় দুর্ঘটনা থেকে রক্ষা পাওয়া গেছে। তবে জনবসতি এলাকায় এ ধরনের অবৈধ ও ঝুঁকিপূর্ণ ব্যবসা কোনোভাবেই গ্রহণযোগ্য নয়। বিষয়টি প্রশাসনের ঊর্ধ্বতন কর্তৃপক্ষের গুরুত্বসহকারে দেখা উচিত।

জনতা ব্যাংক বামুন্দী শাখার ব্যবস্থাপক ইকবাল হোসেন বলেন, যেহেতু প্রতিষ্ঠানটি লাইসেন্সপ্রাপ্ত বলে দাবি করা হচ্ছে, সেক্ষেত্রে বিস্ফোরক অধিদপ্তরের নির্ধারিত সব নিরাপত্তা ব্যবস্থা মেনে ব্যবসা করা উচিত। তিনি আরও বলেন, আগুন ছড়িয়ে পড়লে ব্যাংকের কর্মকর্তা-কর্মচারী ও গ্রাহকদের প্রাণহানির পাশাপাশি ব্যাংকের কোটি কোটি টাকার সম্পদ ক্ষতিগ্রস্ত হতে পারত। প্রতিষ্ঠানটি নিরাপদ স্থানে হলে ভালো হতো বলে মন্তব্য করেন তিনি।

এ বিষয়ে সামিয়া ট্রেডার্সের মালিক আব্দুল আল হোসেন (মিঠু) বলেন, তিনি জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী কর্মকর্তার মাধ্যমে লাইসেন্স নিয়েছেন। তবে তিনি লাইসেন্স দেখাতে অস্বীকৃতি জানিয়ে বলেন, কোথায় কীভাবে ব্যবসা করবেন তা তার ব্যক্তিগত বিষয়। অগ্নিকাণ্ডে কোনো ক্ষতি হলে ক্ষতিপূরণ দেওয়ার কথাও উল্লেখ করেন তিনি।

এ বিষয়ে গাংনী উপজেলা নির্বাহী কর্মকর্তা আনোয়ার হোসেন বলেন, বিষয়টি তিনি শুনেছেন। বামুন্দী ফায়ার সার্ভিসকে ঘটনাটি খতিয়ে দেখতে বলা হয়েছে। তিনি আরও বলেন, জনবসতি এলাকায় বিস্ফোরক অধিদপ্তরের লাইসেন্স রয়েছে কি না তা যাচাই করা হচ্ছে। প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

চার জেলায় দক্ষ জনশক্তি গড়ছে শিরোপা ডেভলপমেন্ট সোসাইটির

‘রেইজ’ প্রকল্প

মেহেরপুর, চুয়াডাঙ্গা, কুষ্টিয়া ও ঝিনাইদহ এই চার জেলায় দক্ষ জনশক্তি গড়ে তুলতে ‘রেইজ’ প্রকল্পের আওতায় কাজ করে যাচ্ছে শিরোপা ডেভলপমেন্ট সোসাইটি।

বিশ্বব্যাংক ও বাংলাদেশ সরকারের অর্থায়নে এবং পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশনের (পিকেএসএফ) সহযোগিতায় বাস্তবায়িত রিকভারি অ্যান্ড অ্যাডভান্সমেন্ট অব ইনফরমাল সেক্টর এমপ্লয়মেন্ট (RAISE) প্রকল্পের মাধ্যমে কুষ্টিয়া, মেহেরপুর, চুয়াডাঙ্গা ও ঝিনাইদহ জেলায় পিছিয়ে পড়া তরুণদের স্বাবলম্বী করে তুলছে শিরোপা ডেভলপমেন্ট সোসাইটি।

প্রকল্পটির মাধ্যমে শতভাগ ও প্রায় শতভাগ কর্মসংস্থান নিশ্চিত করে সংশ্লিষ্ট এলাকাগুলোতে বেকারত্ব হ্রাসে একটি অনন্য দৃষ্টান্ত স্থাপন করা হয়েছে।

রবিবার সকালে মেহেরপুরের মুজিবনগর স্মৃতি কমপ্লেক্স পর্যটন মোটেলে এ উপলক্ষে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন শিরোপা ডেভলপমেন্ট সোসাইটির নির্বাহী পরিচালক শহিদুল ইসলাম। তিনি বলেন, পিছিয়ে পড়া তরুণদের দক্ষতা উন্নয়নের মাধ্যমে কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করাই রেইজ প্রকল্পের মূল লক্ষ্য। এ প্রকল্পের মাধ্যমে তরুণরা আত্মনির্ভরশীল হয়ে সমাজ ও দেশের উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারবে।

বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন শিরোপা ডেভলপমেন্ট সোসাইটির উপ-সমন্বয়কারী (অগ্রসর) রাশেদ। তিনি বলেন, এই প্রকল্পের মাধ্যমে কেবল কারিগরি দক্ষতাই নয়, তরুণদের জীবনদক্ষতা ও কর্মক্ষেত্রের উপযোগী করে গড়ে তোলার ওপর বিশেষ গুরুত্ব দেওয়া হচ্ছে।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন শিরোপা ডেভলপমেন্ট সোসাইটির রেইজ প্রকল্পের প্রতিনিধি জিল্লুর রহমান সিদ্দিকী।
এছাড়াও উপস্থিত ছিলেন মাস্টার ক্রাফটস পারসন উৎপল হালদার। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন রেইজ প্রকল্পের ইমপ্লয়মেন্ট সাপোর্ট অফিসার সবুজ হোসাইন।

সংশ্লিষ্টরা আশা প্রকাশ করেন, এই উদ্যোগের মাধ্যমে স্থানীয় পর্যায়ে দক্ষ জনশক্তি তৈরি হবে, যা দীর্ঘমেয়াদে দেশের অর্থনৈতিক উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

মেহেরপুরে বিএনপি মনোনীত প্রার্থীর সাথে সদর উপজেলা বিএনপির মতবিনিময় সভা

আসন্ন জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে বিএনপি মনোনীত প্রার্থীর সঙ্গে মেহেরপুর সদর উপজেলা বিএনপির মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

সদর উপজেলা বিএনপির আয়োজনে আজ রবিবার বিকেল চারটার দিকে জেলা বিএনপির কার্যালয়ে এ মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

মতবিনিময় সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিএনপি মনোনীত প্রার্থী ও সাবেক সংসদ সদস্য মাসুদ অরুন। সদর উপজেলা বিএনপির সভাপতি ফয়েজ মোহাম্মদের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা বিএনপির সাধারণ সম্পাদক অ্যাডভোকেট কামরুল হাসান।

সদর উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক সাইফুল ইসলামের সঞ্চালনায় সভায় আরও উপস্থিত ছিলেন জেলা বিএনপির সাবেক সহ-সভাপতি ইলিয়াস হোসেন, জেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক ওমর ফারুক লিটন, রোমানা আহমেদ, বিএনপি নেতা আনোয়ারুল হক কালুসহ জেলা ও উপজেলা বিএনপির অন্যান্য নেতাকর্মীরা।

মতবিনিময় সভায় আসন্ন নির্বাচনকে সামনে রেখে দলীয় সাংগঠনিক কার্যক্রম জোরদার ও নেতাকর্মীদের ঐক্যবদ্ধভাবে কাজ করার বিষয়ে আ

মালয়েশিয়ায় সড়ক দুর্ঘটনায়

মেহেরপুরের প্রবাসী কাদের

মিয়ার মৃত্যু

মেহেরপুর সদর উপজেলার ঝাঝা গ্রামের প্রবাসী কাদের মিয়া মালয়েশিয়ায় সড়ক দুর্ঘটনায় নিহত হয়েছেন (ইন্নালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)।

গতকাল শনিবার মালয়েশিয়ায় কর্মস্থলে যাওয়ার পথে এ মর্মান্তিক দুর্ঘটনা ঘটে বলে জানা গেছে।

পরিবার ও স্থানীয় সূত্রে জানা যায়, কাদের মিয়া দীর্ঘদিন ধরে মালয়েশিয়ায় প্রবাসজীবন কাটাচ্ছিলেন। হঠাৎ তার মৃত্যুর খবরে পরিবার ও এলাকায় নেমে আসে শোকের ছায়া।

মরহুম কাদের মিয়ার আত্মার মাগফিরাত কামনা করেছেন এবং শোকসন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা জানিয়েছেন স্থানীয়রা।

মেহেরপুরের মোমিনপুরে

অবসরপ্রাপ্ত শিক্ষক সিরাজুল

ইসলাম এর জানাযায় মানুষের ঢল

মেহেরপুর সদরের মোমিনপুর মাধ্যমিক বিদ্যালয়ের অবসরপ্রাপ্ত সহকারী শিক্ষক (ধর্মীয়) মাওলানা সিরাজুল ইসলাম (ছোট হুজুর) এর জানাযা শেষে দাফন সম্পন্ন হয়েছে।

গতকাল শনিবার বাদ যোহর মোমিনপুর সরকারি প্রাথমিক বিদ্যালয় মাঠে জানাজা নামাজ শেষে মোমিনপুর কবরস্থানে তাকে দাফন করা হয়। বার্ধক্য জনিত কারণে তিনি চিকিৎসাধীন অবস্থায় শনিবার ভোর সাড়ে পাঁচটায় নিজ বাড়ীতে মৃত্যুবরণ করেন।

মাওলানা সিরাজুল ইসলাম ১৯৭৪ সালে মোমিনপুর মাধ্যমিক বিদ্যালয়ে ধর্মীয় শিক্ষক হিসেবে শিক্ষকতা শুরু করেন। তার নিজ জেলা নোয়াখালী। ২০১৮ সালে তিনি চাকুরী জীবন থেকে অবসর গ্রহণ করেন।

ব্যক্তিগত জীবনে তিনি ছিলেন অবিবাহিত, ছোট ভাইয়ের সাথেই তিনি বসবাস করতেন। তিনি ছিলেন, পরহেজগার, খোদা ভীরু, পরোপকারী, সহজ সরল সাদা মনের মানুষ । তিনি তার সারাজীবনের সঞ্চয় দিয়ে এতিম ও দরিদ্র বাচ্চাদের লেখাপড়ার ব্যবস্থা করেন এবং তিনটি মাদ্রাসা নির্মাণ করেন বলে জানান স্থানীয়রা। অনেক ছাত্রকে লেখাপড়ার খরচ চালিয়ে প্রতিষ্ঠিত আলেম করেছেন। তিনি এলাকার সুধী জনদের প্রিয়পাত্র ছিলেন।

তার একজন ছাত্র বলেন, হুজুর ব্যক্তিজীবনে একেবারেই সাদামাটা জীবন যাপন করেছেন, এক দুই সেট কাপড়েই তিনি বছর পার করতেন। তার ছিল না কোনো ব্যাংক ব্যালেন্স, জীবনের সমস্ত ইনকাম তিনি এভাবেই ব্যয় করে গেছেন। তিনি একজন নির্লোভ ও দুনিয়া বিমুখ মানুষ ছিলেন, তার একমাত্র ধ্যান-জ্ঞান শুধুমাত্র আল্লাহর সন্তুষ্টি অর্জন। শেষ জীবন পর্যন্ত দুনিয়ায় কোনো মোহ তাকে আকৃষ্ট করতে পারেনি। শেষের দিকে তিনি কিছুটা মানষিক ভারসাম্য হীনতায় ভুগলেও মসজিদেই তার মনটা সব সময় পড়ে থাকতো। মসজিদেই আল্লাহর ধ্যানে সময় পার করতেন।

তার মৃত্যুর খবরে জানাযায় হাজারো মানুষের ঢল নামে। জানাযায় বক্তব্য রাখেন, সাবেক সংসদ সদস্য মাসুদ অরুন, জেলা জামায়াতের আমীর মাওলানা তাঁজ উদ্দীন খান, আলহাজ্ব মাওলানা তালিব উদ্দীন, বারাদী মাদ্রাসার মুহতামীম শফিকুল ইসলাম, বিশিষ্ট ব্যবসায়ী সিরাজুস সালেকীন।

এ-সময় এলাকার গণ্যমান্য ব্যক্তি বর্গ, আপামর জনতা ও তার হাতে গড়া অসংখ্য হযরত মাওলানা উপস্থিত ছিলেন।

বাংলাদেশ বেসরকারি শিক্ষক ও কর্মচারী ফোরামের মেহেরপুর সদর উপজেলা কমিটি গঠন

বাংলাদেশ বেসরকারি শিক্ষক ও কর্মচারী ফোরামের মেহেরপুর সদর উপজেলা কমিটি গঠন করা হয়েছে।

মেহেরপুর বেসরকারি বালিকা বিদ্যালয়ের হলরুমে আয়োজিত এক সভার মাধ্যমে ৫১ সদস্যবিশিষ্ট এই কমিটি গঠিত হয়। সভায় সর্বসম্মতিক্রমে আমঝুপি মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক মো. রুহুল আমিনকে

সভাপতি এবং টেংরামারী মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক মো. ফজলুল হককে সাধারণ সম্পাদক হিসেবে নির্বাচিত করা হয়।এছাড়াও সাংগঠনিক সম্পাদক হিসেবে নির্বাচিত হন বলিয়ারপুর মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক মো. আখতারুজ্জামান।

কমিটি গঠন অনুষ্ঠানে জেলা কমিটির নেতৃবৃন্দ উপস্থিত থেকে নবগঠিত কমিটিকে শুভেচ্ছা জানান।

মেহেরপুরে পৃথক অভিযানে অবৈধ ইটভাটার ৫ লাখ টাকা জরিমানা

মেহেরপুরে অবৈধ ইটভাটার বিরুদ্ধে পৃথক ভ্রাম্যমাণ আদালতের অভিযান পরিচালনা করে গাংনী উপজেলার বামন্দী এলাকায় অবস্থিত আরএফএল ব্রিকসে ১ লক্ষ ও সদর উপজেলার সুবিদপুর এলাকার খান ব্রিকস এবং মুজিবনগর উপজেলার জবা ব্রিকস ইটভাটায় ৪ লাখ টাকা মোট ৫ লাখ টাকা জরিমানা করেছে ভ্রাম্যমান আদালত।

আজ শনিবার সহকারী কমিশনার (ভূমি) নাবিদ হোসেনের নেতৃত্বে আরএফএল ব্রিকসে ফিক্সড চিমনি ব্যবহার এবং জ্বালানি হিসেবে কাঠ ব্যবহারের

অপরাধে ইট প্রস্তুত ও ভাটা স্থাপন (নিয়ন্ত্রণ) আইন, ২০১৩ (সংশোধিত ২০১৯)-এর ৬/১৬ ধারায় প্রতিষ্ঠানটিকে ১,০০,০০০ (এক লক্ষ) টাকা অর্থদণ্ড প্রদান করা হয়।

এদিকে এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট আবীর আনসারী এবং জয়া ধর মুমুর নেতৃত্বে মেহেরপুর সদর উপজেলার সুবিদপুর এলাকার খান ব্রিকস এবং মুজিবনগর উপজেলার জবা ব্রিকস নামক ইটভাটায় কোনো ধরনের লাইসেন্স বা অনুমোদন ছাড়াই ইট প্রস্তুতের উদ্দেশ্যে মাটি কেটে ব্যবহার করছিল, যা ইট প্রস্তুত ও ভাটা স্থাপন (নিয়ন্ত্রণ) আইন, ২০১৩-এর ৫ নং ধারার লঙ্ঘন। আইন লঙ্ঘনের দায়ে ওই দুইটি ইটভাটাকে মোট ৪ লাখ টাকা অর্থদণ্ড প্রদান করা হয়।

জেলা প্রশাসন সূত্রে জানানো হয়েছে, পরিবেশ সংরক্ষণ ও আইন শৃঙ্খলা বজায় রাখতে অবৈধ ইটভাটার বিরুদ্ধে এ ধরনের অভিযান নিয়মিতভাবে অব্যাহত থাকবে।

মেহেরপুরে শীতার্ত মানুষের মাঝে পুনাকের শীতবস্ত্র বিতরণ

মেহেরপুরের অসহায় ও শীতার্ত মানুষের মাঝে শীতবস্ত্র বিতরণ করেছে পুলিশ নারী কল্যাণ সমিতি (পুনাক), মেহেরপুর।

আজ শনিবার জেলা পুলিশ লাইন্সের ড্রিলশেডে আয়োজিত এ কর্মসূচিতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে শীতবস্ত্র বিতরণ করেন মেহেরপুর পুলিশ নারী কল্যাণ সমিতির (পুনাক) সভানেত্রী টুম্পা সরকার।

এই শীতে অসহায় ও দুস্থ মানুষের দুর্ভোগ লাঘবের লক্ষ্যে এই মানবিক উদ্যোগ গ্রহণ করা হয়।

শীতবস্ত্র বিতরণকালে পুনাক সভানেত্রী বলেন, সমাজের সুবিধাবঞ্চিত মানুষের পাশে দাঁড়ানো পুনাকের একটি নিয়মিত সামাজিক দায়িত্ব। শীত মৌসুমে যাতে কেউ কষ্ট না পায়, সে লক্ষ্যেই এই কার্যক্রম পরিচালনা করা হচ্ছে।

এ সময় আরও উপস্থিত ছিলেন অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন ও অর্থ) মোহাম্মদ আতিকুল হক, পুলিশ নারী কল্যাণ সমিতির (পুনাক) সহ-সভানেত্রীসহ সংগঠনের অন্যান্য সদস্যবৃন্দ।

আমঝুপি নূরানি ও হাফিজীয়া মাদরাসার অভিভাবক সমাবেশ

মেহেরপুরের আমঝুপি নূরানি ও হাফিজীয়া মাদরাসার উদ্যোগে অভিভাবক সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। আজ শনিবার সকাল ১০টায় আয়োজিত এ অভিভাবক সমাবেশে সভাপতিত্ব করেন শামসুল হুদা শিশির।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জহুরুল ইসলাম খান। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আমঝুপি মাধ্যমিক বিদ্যালয়ের গেমস শিক্ষক শরিফ উদ্দিন।

এছাড়াও সভায় উপস্থিত ছিলেন সভা সভাপতি আছাদ খান এবং সাধারণ সম্পাদক মো: মিথুন।

অনুষ্ঠানটি সঞ্চালনা করেন প্রতিষ্ঠানটির প্রধান শিক্ষক উমর ফারুক। সমাবেশে মাদরাসার তিনজন হাফেজকে সম্মাননা প্রদান করা হয়। তারা হলেন মো: আব্দুর রহমান তামিম, মো: সামির এবং মো: সাইদ।

বক্তারা শিক্ষার্থীদের নৈতিক শিক্ষা ও কুরআন শিক্ষার গুরুত্ব তুলে ধরে অভিভাবকদের সহযোগিতা কামনা করেন।

মেহেরপুর কাচাঁবাজারে সবজির

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

শুধু কাঁচা মরিচের দাম বেশি। শীতকালে মেহেরপুরে মরিচ হয় না, তাই বাইরে থেকে মরিচ আমদানি করতে হয়। পরিবহন খরচ তারপর লেবার খরচ দিয়ে দোকান পর্যন্ত নিয়ে আসতে বেশি টাকায় কেনা পরে যায়। আমার নিরুপাই হয়ে বেশি দামে বিক্রি করি।

বাজারে আসা ক্রেতারা বলেন, সকল সবজির দাম ঠিক আছে, দুই-একটা সবজির দাম একটু ওঠানামা আছে। কিন্তু কাঁচা মরিচের দাম গত সপ্তাহের মতোই বেশি।

মেহেরপুর তহ-বাজার ব্যবসায়ি সমিতির সভাপতি হাফিজুর রহমান বলেন, আবহাওয়া পরিবর্তন এবং সরবরাহ সংকটের কারণে কাঁচা মরিচ আর পটলের দাম বেড়েছে। এই সময়ে আমাদের মেহেরপুরে কাঁচা মরিচ এবং পটল হয় না। এছাড়া অন্যান্য সকল সবজির দাম স্থিতিশীল রয়েছে।